

■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৭৯৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮২২]

৭। কুরআনের মর্যাদাসমূহ ও এতদসংশ্লিষ্ট বিষয় (ব্যাখ্যা দেখুন)

পরিচ্ছেদঃ ১৭. ধীরস্থিরতার সাথে কিরাত পড়া, অতি দ্রুত পাঠ বর্জন করা এবং এক রাকাআতে দুই ও ততোধিক সূরাহ সংযোজনের বৈধতা

باب ترتيل القراءة واجتناب الهدى وهو الإفراط في السرعة وإباحة سورتين فأكثر في
الرکعة

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٌ بْنُ أَبِي شَيْبَةَ، وَابْنُ نُمَيْرٍ جَمِيعًا عَنْ وَكِيعٍ، - قَالَ أَبُو بَكْرٍ حَدَّثَنَا وَكِيعٍ،
عَنْ الْأَعْمَشِ، عَنْ أَبِي وَائِلَ، قَالَ جَاءَ رَجُلٌ يُقَالُ لَهُ نَهِيْكُ بْنُ سِنَانٍ إِلَى عَبْدِ اللَّهِ فَقَالَ
يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ كَيْفَ تَقْرَأُ هَذَا الْحَرْفَ أَلْفًا تَجِدُهُ أَمْ يَاءً مِنْ مَاءٍ غَيْرِ آسِنَ أَوْ مِنْ مَاءٍ
غَيْرِ يَاسِنَ قَالَ فَقَالَ عَبْدُ اللَّهِ وَكُلُّ الْقُرْآنِ قَدْ أَحْصَيْتَ غَيْرَ هَذَا قَالَ إِنِّي لَأَقْرَأُ الْمُفَصَّلَ
فِي رَكْعَةٍ . فَقَالَ عَبْدُ اللَّهِ هَذَا كَهَذِ الشِّعْرِ إِنَّ أَقْوَامًا يَقْرَءُونَ الْقُرْآنَ لَا يُجَاوِزُ تَرَاقِيهِمْ
وَلَكِنْ إِذَا وَقَعَ فِي الْقَلْبِ فَرَسَخَ فِيهِ نَفْعٌ إِنَّ أَفْضَلَ الصَّلَاةِ الرُّكُوعُ وَالسُّجُودُ إِنِّي لَا أَعْلَمُ
النَّظَائِرِ الَّتِي كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرُنُ بَيْنَهُنَّ سُورَتَيْنِ فِي كُلِّ رَكْعَةٍ .
ثُمَّ قَامَ عَبْدُ اللَّهِ فَدَخَلَ عَلْقَمَةً فِي إِثْرِهِ ثُمَّ خَرَجَ فَقَالَ قَدْ أَخْبَرَنِي بِهَا . قَالَ ابْنُ نُمَيْرٍ فِي
رِوَايَتِهِ جَاءَ رَجُلٌ مِنْ بَنِي بَجِيلَةَ إِلَى عَبْدِ اللَّهِ وَلَمْ يَقُلْ نَهِيْكُ بْنُ سِنَانٍ .

বাংলা

১৭৯৩-(২৭৫/৮২২) আবু বকর ইবনু আবু শায়বাহ ও ইবনু নুমায়র (রহঃ) আবু ওয়াইল (রহঃ) থেকে
বর্ণিত। তিনি বলেন, নাহীক ইবনু সিনান নামে কথিত জনৈক ব্যক্তি আবদুল্লাহ ইবনু মাসউদ (রাযঃ) এর নিকট
এসে বলেন, হে আবদুর রহমানের পিতা। নিম্নোক্ত শব্দটি আপনি কীভাবে পড়েন, 'আলিফ সহযোগে না ইয়া'
সহযোগে অর্থাৎ অথবা মাঝে মাঝে আবু ওয়াইল (রহ) বলেন, 'আবদুল্লাহ
(রাযঃ) বললেন, এ শব্দটি ছাড়া তুমি কি কুরআনের সবটুকু আয়ত করে ফেলেছ? সে বলল, আমি তো মুফাস্সাল
(সূরাহসমূহ) এক রাকাআতেই পড়ি। 'আবদুল্লাহ (রাযঃ) বলেন, দ্রুত গতিতে অর্থাৎ কবিতা পড়ার ন্যায় দ্রুত
গতিতে? কোন কোন লোক কুরআন পড়ে কিন্তু তা তাদের কঠনালী অতিক্রম করে না। বরং (সুষ্ঠুভাবে পড়লে) তা

যখন অন্তরে প্রবেশ করে তখন তা হাদয়ে বদ্ধমূল হয় এবং উপকারে আসে।

সালাতের মধ্যে 'রকু'-সিজদা হ'ল সর্বাধিক ফয়লাতপূর্ণ। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে দ্রষ্টান্ত রেখে গেছেন তা আমি অবশ্যই জানি। তিনি প্রতি রাকাআতে দু'টি সূরাহ মিলিয়ে পড়তেন। অতঃপর আবদুল্লাহ (রায়িঃ) উঠে দাঁড়ান, আলকামাহ (রহঃ) ও তার পিছনে পিছনে প্রবেশ করেন। অতঃপর তিনি বের হয়ে এসে বলেন, 'আবদুল্লাহ (রায়িঃ) এ সম্পর্কে আমাকে অবহিত করেছেন। ইবনু নুমায়র-এর রিওয়ায়াতে আছেঃ বাজীলাহ গোত্রের জনৈক ব্যক্তি আবদুল্লাহ (রায়িঃ)-এর নিকট এলো। তার এ বর্ণনায় "নাহীক ইবনু সিনান" নাম উল্লেখ করেননি। (ইসলামী ফাউন্ডেশন ১৭৭৮, ইসলামীক সেন্টার ১৭৮৫)

English

Abu Wa'il reported that a person named Nabik b. Sinan came to Abdullah (b. Mas'ud) and said:

Abu 'Abd al-Rahman, how do you recite this word (alif) or (ya)? Would you read it as: min ma'in ghaira asin or au min ma'in ghaira ghaira yasin. (al-Qur'an, xlvi. 15)? 'Abdullah said: You (seem to) have memorised the whole of the Qur'an except this. He (again) said: I recite all the mufassal surahs in one rak'ah. Upon this 'Abdullah said: (You must ha

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু ওয়াইল (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=48553>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন